

তারকেশ্বর ডিগ্রি কলেজ

তারকেশ্বর, হুগলী

বিগত / পুরোনো মার্কসীট (হার্ড কপি) প্রদান সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা সেমিস্টার সিস্টেমের অ্যাডমিট রোল নম্বর ১৭/১৮/১৯ প্রেফিক্সের সমস্ত বি.এ/বি.কম/বি.এস.সি (অনার্স/জেনারেল) ছাত্রছাত্রী তাদের জানানো যাচ্ছে যে, যারা এখনো যে যে সেমিস্টারের (শুধুমাত্র ১ম সেমিস্টার/৩য় সেমিস্টার/৫ম সেমিস্টার, ২০২০ ছাড়া: এখনো এগুলির হার্ড কপি প্রকাশিত হয়নি) মার্কসীট নেওনি তারা অবশ্যই নিম্নলিখিত দিনগুলিতে অফিস কাউন্টার থেকে ১১টা থেকে ২টার মধ্যে অবশ্যই মার্কসীট (হার্ডকপি) নিতে হবে।

এই নির্দিষ্ট দিনগুলি ছাড়া নিম্নলিখিত মার্কসীট কোন অনুরোধেই অন্যদিন দেওয়া হবে না।

মার্কসীট নেবার সময় করণীয়:-

১) যে সেমিস্টারের মার্কসীট নেবে তার অরিজিনাল অ্যাডমিট কার্ড সঙ্গে করে অবশ্যই আনতে হবে। সেটা না হলে কোনমতেই অরিজিনাল মার্কসীট দেওয়া হবে না। কোন একটিও বাদ দিলে চলবে না।

২) যারা মার্কসীট নেবে তাদের অবশ্যই লাইব্রেরীর বই থাকুক বা না থাকুক লাইব্রেরী থেকে অবশ্যই লাইব্রেরী ক্লিয়ারেন্স নিয়ে আনতে হবে মার্কসীট নেবার আগে। কাউন্টারে লাইব্রেরী ক্লিয়ারেন্স না দেখালে কোনোভাবে মার্কসীট পাওয়া যাবে না।

কোভিডের কারণে বিধিনিষেধ :-

করোনার কারণে কলেজে আসা সরকারের বারণ আছে। কিন্তু খুব প্রয়োজনের কারণে আসতে হলে অবশ্যই নিচের নিয়মগুলি মানতে হবে। না হলে কলেজে আসা ও প্রবেশ অনুমোদনযোগ্য নয়।

১) কাউন্টার ফাঁকা রাখতে হবে। কাউন্টারের সামনে অবশ্যই মাস্ক পড়ে থাকতে হবে। মাস্ক ছাড়া কাউকে রেজাল্ট দেওয়া হবে না।

২) প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সহযোগিতা একান্তভাবে কাম্য। নিজেদের সাবধানতাই এই সংক্রমণ থেকে সমাজ ও নিজেকে রক্ষা করতে পারে।

ক্রম	সেমিস্টার	পরীক্ষার সাল	তারিখ	বার
১	১ম সেমিস্টার	২০১৮, ২০১৯	২০/৯/২০২১	সোমবার
২	২য় সেমিস্টার	২০১৮, ২০১৯, ২০২০	২১/৯/২০২১	মঙ্গলবার
৩	৩য় সেমিস্টার	২০১৮, ২০১৯	২২/৯/২০২১	বুধবার
৪	৪র্থ সেমিস্টার	২০১৯, ২০২০	২৩/৯/২০২১	বৃহস্পতিবার
৫	৫ম সেমিস্টার	২০১৯	২৪/৯/২০২১	শুক্রবার

প্রসঙ্গত উল্লেখ্য যে, ৬ষ্ঠ সেমিস্টারের মার্কসীট যেমন দেওয়া হচ্ছিল তেমনভাবেই দেওয়া হবে।

তারিখ- 18/09/2021



অধ্যক্ষ

ডঃ অমল কান্ত হাটী

Principal

Tarakeswar Degree College
P.O.-Tarakeswar, Dist.-Hooghly

